

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
প্লট-এফ ১/এ, আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
[কর নীতি উইং]

পত্র নম্বর – ০৮.০১.০০০০.০৩৩.২২.০০২.২০২০(অংশ-১)/২২২

তারিখঃ ১২ কার্তিক, ১৪৩১ বঙ্গাব্দ
২৮ অক্টোবর, ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: অর্থস্বর্ণ আদালত আইন ২০০৩ এর ৩৩(৭) ধারায় মালিকানা অর্জনকৃত বন্ধকী সম্পত্তি ব্যাংক কর্তৃক বিক্রয়ের ক্ষেত্রে অগ্রিম
আয়কর প্রদান সংক্রান্ত প্রসঙ্গে।

সূত্র: সিটি ব্যাংক পিএলসি এর স্মারক নং – সিবিপিএলসি/এইচও/এসএএমডি /২৯/০৭/২০২৪/০১ তারিখ: ২৯.০৭.২০২৪

আদিষ্ট হয়ে উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

২। সূত্রোক্ত পত্রের মাধ্যমে অর্থস্বর্ণ আদালত আইন ২০০৩ এর ৩৩(৭) ধারায় মালিকানা অর্জনকৃত বন্ধকী সম্পত্তি ব্যাংক কর্তৃক
বিক্রয়ের ক্ষেত্রে অগ্রিম আয়কর প্রদান সংক্রান্ত মতামত চাওয়া হয়েছে। বিষয়টি পরীক্ষান্তে জাতীয় রাজস্ব বোর্ডের কর নীতি উইং
এর মতামত নিম্নরূপ:

“অর্থস্বর্ণ আদালত আইনের ৩৩(৭) ধারায় ব্যাংক বা ফাইন্যান্স কোম্পানি কর্তৃক বন্ধকী সম্পত্তির মালিকানা সনদ প্রাপ্তির পর উক্ত
বন্ধকী সম্পত্তি বিক্রয়ের ক্ষেত্রে দলিল নিবন্ধন পর্যায়ে আয়কর আইন, ২০২৩ এর ধারা ১২৫ এর উপ-ধারা ৩ এর দফা (ক) ও (খ)
এর বিধান অনুযায়ী কর পরিশোধের প্রযোজ্যতা নেই।”


অনুপম দাশ ২৮/১০/২০২৪
দ্বিতীয় সচিব (কর-১১)
জাতীয় রাজস্ব বোর্ড

প্রাপক:

বিভাগীয় প্রধান
স্পেশাল এসেট ম্যানেজমেন্ট ডিভিশন
সিটি ব্যাংক পিএলসি
প্রধান কার্যালয়, ঢাকা